155

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 NOV 1992
পৃষ্ঠা ৩ কলাম ২

# প্রাথমিক বিদ্যালয়ে হাজারো সমস্যা লেখাপড়া ব্যাহত

দেশের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষা উপকরণের অভাব, শিক্ষক স্বল্পতা, জরাজীর্ণ স্কুল গৃহ, স্থানাভাব ইত্যাদি নানা সমস্যা বিরাজ করায় ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**ঠাকুরগাঁও**ঃ ঠাকুরগাঁও সদর থানাতে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের কোন ঘর নাই। জেলার অন্যান্য থানায় কতকগুলি প্রাথমিক বিদ্যালয়ের ঘর নাই। ঠাকুরগাঁও জেলা প্রাথমিক শিক্ষা দফতরে ইহার কোন তথ্য নাই। বালিয়াডাঙ্গী, রানীশংকৈল ও পীরগঞ্জ থানার ১১টি প্রাথমিক বিদ্যালয়ের কোন ঘর নাই। গ্রামাঞ্চলের অসংখ্য প্রাথমিক বিদ্যালয়ের দরজা-জানালা নাই। নাই কোন চেয়ার-বেঞ্চ। কোথাও কোথাও বর্ষাকালে ক্লাস থাকে বন্ধ। কোন কোন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা খোলা আকাশের নীচে, কোথাও গাছ তলায় ক্লাস করিতেছে।

**বরগুনা**ঃ কলাপাড়া থানার পশ্চিম চাকামইয়া প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় আসবাবপত্র নাই। বেঞ্চের অভাবে ছাত্র

(৪র্থ পৃঃ দ্রঃ)

[illegible]